



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা- ১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৬

তারিখ: ১৫ কার্তিক ১৪২৫ বাংলা
৩০ অক্টোবর ২০১৮ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিভিন্ন প্রয়োজনে অত্র অথরিটি কর্তৃক সাধারণত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা হয়ে থাকে। কিন্তু অনেক সময় দেখা যায় যে, প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা দেশের বাহিরে অবস্থান করায় এবং তার পরিবর্তে দায়িত্ব পালনকারী কর্মকর্তার বিস্তারিত তথ্য অথরিটির নিকট না থাকায় অথরিটির সাথে প্রতিষ্ঠানসমূহের উক্ত যোগাযোগ ব্যাহত হয়। এছাড়া অনেক ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তার বিদেশ ভ্রমণের বিষয়টি প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ অবগত থাকে না। এ প্রেক্ষিতে কোনো প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বিষয়টি উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনপূর্বক এতদবিষয়ে ভ্রমণকালীন সময়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিস্তারিত তথ্যসহ ভ্রমণের পূর্বেই অত্র অথরিটিকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

এছাড়া ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট নয় এমন কোনো প্রোগ্রামে/কাজে কোনো কর্মকর্তার বিদেশ ভ্রমণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ক্ষুদ্রঋণ কার্যক্রমের অর্থ ব্যবহার করা হতে বিরত থাকার জন্য এবং ক্ষুদ্রঋণ কার্যক্রমের অর্থ ব্যয়ের ক্ষেত্রে অপ্রয়োজনীয় ভ্রমণ পরিহারের পাশাপাশি বিদেশ ভ্রমণ বিষয়ক সরকারী নির্দেশনার অতিরিক্ত অর্থ ব্যয় করা হতে বিরত থাকার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল হক)

পরিচালক

ফোনঃ ০২৮৩৩৩৬৩৬